রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক" ২০২২ সনের ১৮ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ৫, ২০২২

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২১৩—২২০ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৩৪১—৩৬৭ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৫০৩—৫১০ |
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ২৭-২৮ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**সুরক্ষা সেবা বিভাগ**
**মাদক-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৭ মাঘ ১৪২৮/১০ ফেব্রুয়ারি ২০২২

নং **৫৮.০০.০০০০.০৬১.০৬১.৩২.০০১.১৭.৪৫**—মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অধীন বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোর কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য নিম্নোক্ত বিভাগীয় এবং জেলা কমিটি গঠন করা হলো :

(ক) **বিভাগীয় মনিটরিং কমিটি :**

| | | |
|---|---|---|
| ১। | বিভাগীয় কমিশনার, সংশ্লিষ্ট বিভাগ | সভাপতি |
| ২। | পুলিশ কমিশনার, সংশ্লিষ্ট মেট্রোপলিটন এলাকা | সদস্য |
| ৩। | ডিআইজি, সংশ্লিষ্ট বিভাগ | সদস্য |
| ৪। | বিভাগের আওতাধীন জেলা প্রশাসক (সকল) | সদস্য |
| ৫। | বিভাগীয় কর্মকর্তা, স্বাস্থ্য বিভাগ | সদস্য |
| ৬। | শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বিভাগসমূহের বিভাগীয় কর্মকর্তা | সদস্য |
| ৭। | অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়। | সদস্য-সচিব |

মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**কমিটির কর্মপরিধি : :**

(ক) বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহের কার্যক্রম পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়ন;

(খ) বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহের সেবার মান এবং সক্ষমতা বৃদ্ধির জন্য পরামর্শ প্রদান;

(গ) জাতীয় মাদকবিরোধী কমিটিতে বিভিন্ন সুপারিশ উত্থাপন;

(ঘ) জাতীয় কমিটিসমূহের সিদ্ধান্ত বাস্তবায়নে যথাযথ উদ্যোগ গ্রহণ;

(ঙ) প্রয়োজনে যেকোনো সদস্য কো-অপ্ট করতে পারবে;

(চ) অন্যান্য প্রাসঙ্গিক বিষয়;

(ছ) বিভাগীয় কমিটি প্রতি ৩ মাসে কমপক্ষে ১ বার সভা করবে।

**(খ) জেলা মনিটরিং কমিটি :**

| | | |
|---|---|---|
| ১। | জেলা প্রশাসক | সভাপতি |
| ২। | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ | সদস্য |
| ৩। | পুলিশ সুপার | সদস্য |
| ৪। | সিভিল সার্জন | সদস্য |
| ৫। | অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট | সদস্য |
| ৬। | উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল) | সদস্য |
| ৭। | জেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ৮। | উপ পরিচালক, জেলা সমাজসেবা অধিদপ্তর | সদস্য |
| ৯। | উপ পরিচালক, জেলা মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর | সদস্য |
| ১০। | উপ পরিচালক, জেলা যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ১১। | বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের প্রতিনিধি-০১ জন (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১২। | উপ পরিচালক/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়। | সদস্য-সচিব |

**কমিটির কার্যরিধি : :**

(ক) জেলাস্থ বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলো পরিদর্শন করে অধিদপ্তরের চেকলিস্ট অনুযায়ী বাস্তবে কি আছে /কি নেই তা তুলনামূলক এ্যানালাইসিস/গ্যাপ এ্যানালাইসিস করে প্রতি ০৩ (তিন) মাস অন্তর বিভাগীয় মনিটরিং কমিটির মাধ্যমে মহাপরিচালক, মাদ্রকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বরাবর প্রতিবেদন প্রেরণ;

(খ) বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহের সেবার মান এবং সক্ষমতা বৃদ্ধির জন্য পরামর্শ প্রদান;

(গ) জাতীয় কমিটিসমূহের সিদ্ধান্ত বাস্তবায়নে যথাযথ উদ্যোগ গ্রহণ;

(ঘ) অন্যান্য প্রাসঙ্গিক বিষয়;

(ঙ) উল্লেখ্য, কমিটি প্রয়োজনে যেকোনো সদস্য কো-অপ্ট করতে পারবে;

২। উপরোক্ত কমিটিসমূহ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ আবদুর রউফ মিয়া**
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**পাস-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৬ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ

নং **৪৬.০০.০০০০.০৮৫.১১.০৪.২০১৮-৮১**—পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ এর ৬(১)(ঝ) ও ৬(৪) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনাব শহীদ-উল-আলম, সহ-সভাপতি, বিএফইউজে-বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন-কে বিএফইউজে-বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের প্রতিনিধিত্বকারী সদস্য হিসেবে চট্টগ্রাম ওয়াসা বোর্ডের সদস্য পদে নিয়োগ প্রদান করা হলো। তিনি চট্টগ্রাম ওয়াসা বোর্ডের পূর্বতন সদস্য জনাব মহসিন কাজী এর স্থলাভিষিক্ত হবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ০৮ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ

নং **৪৬.০০.০০০০.০৮৫.১১.৫৩.২০১৮-৮৬**—পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ এর ৬(১)(জ) ও ৬(৪) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনাব এইচ.এ.এম. জহিরুল ইসলাম খান (জেড. আই. খান পান্না) এ্যাডভোকেট ও সদস্য বাংলাদেশ বার কাউন্সিল-কে বাংলাদেশ বার কাউন্সিল এর প্রতিনিধিত্বকারী সদস্য হিসেবে ঢাকা ওয়াসা বোর্ডের সদস্য পদে নিয়োগ প্রদান করা হলো। তিনি ঢাকা ওয়াসা বোর্ডের পূর্বতন সদস্য জনাব কাজী মোঃ নজিবুল্লাহ (হিরু) এর স্থলাভিষিক্ত হবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ সাঈদ-উর-রহমান**
উপসচিব।

---

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**
**শাখা-৬**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৫ মাঘ, ১৪২৮/০৮ ফেব্রুয়ারি ২০২২

নং **৪৩.০০.০০০০.১১৪.০১৬.১০৯.২২.৮৫**—১৯৬৮ সালের (সংশোধিত-১৯৭৬) প্রত্নসম্পদ আইনের ১০ ধারা (১) উপধারা প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ সংরক্ষিত বলিয়া ঘোষণা করা হলো :

| ক্রমিক | প্রত্নসম্পদের নাম, অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানার পূর্ণ বিবরণ | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কি না | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজার নাম | খতিয়ান নং (আর এস) | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১। | হযরত শাহ দেওয়ান ফয়জুল্লাহ (রহ.) এর নির্মিত নিদর্শন। গ্রাম-রামপুর উপজেলা-লোহাগড়া জেলা-নড়াইল | ৯৫ নম্বর রামপুর | ০৩ | ১১৩ | ০.১৮ একর | উত্তর, দক্ষিণ ও পূর্বে বসতবাড়ি এবং পশ্চিমে নিরিবিল পিকনিক স্পট। | রামপুর মৌজার মসজিদ কমিটির পক্ষে সাধারণ সম্পাদক | মসজিদ কর্তৃপক্ষ প্রত্নতত্ত্ব অধিদপ্তর এর নিকট মালিকানা হস্তান্তরে সম্মত নয়। | রামপুর দেওয়ান সাহেবের মাজার নামে পরিচিত |

তারিখ : ১৭ মাঘ, ১৪২৮/৩১ জানুয়ারি ২০২২

নং **৪৩.০০.০০০০.১১৪.০১৬.১০৯.২২.৫৯**—১৯৬৮ সালের (সংশোধিত-১৯৭৬) প্রত্নসম্পদ আইনের ১০ ধারা (১) উপধারা প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ সংরক্ষিত বলিয়া ঘোষণা করা হলো :

| ক্রমিক | প্রত্নসম্পদের নাম, অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানার পূর্ণ বিবরণ | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কি না | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজার নাম | খতিয়ান নং (আর এস) | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১। | কলাগাছি-রায়গ্রাম বটতলা পাকা সড়ক সংলগ্ন রাস্তার পশ্চিম পার্শ্বে এসএ ৮৭৭ এবং আরএস ১৬৯৯ নম্বর দাগের প্রায় ০.০২ একর জমির উপর রায়গ্রামের ঘোষ জমিদারদের **শিব মন্দির** অবস্থিত। গ্রাম-রায়গ্রাম উপজেলা-লোহাগড়া জেলা-নড়াইল | ৫০ নম্বর রায়গ্রাম | আরএস ৪৬৫ এবং এসএ ১১০৮ ও ১১০৯ | আরএস ১৬৯৯ এসএ ৮৭৭ | .৩৫ একরের মধ্যে ০.০২ একর জমির উপর অবস্থিত | পূর্বে পাকা রাস্তা পশ্চিমে ও উত্তরে মোক্তার মোল্যার বসতবাড়ি এবং দক্ষিণে চলাচলের পথ | বকুল মোল্যা, লুলু মোল্যা, মোক্তার মোল্যা, সিরাজ মোল্যা, সর্ব পিতা মোকাদ্দেছ মোল্যা, গ্রাম-রায়গ্রাম লোহাগড়া, নড়াইল। | রেকর্ডীয় মালিক ও ভোগ দখলকারীদের ক্ষতিপূরণ প্রদান করলে হস্তান্তরে সম্মত আছে মর্মে জানা যায়। | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২। | কলাগাছি-রায়গ্রাম বটতলা পাকা সড়ক সংলগ্ন রাস্তার পশ্চিম পার্শ্বে এসএ ৮৭৭ এবং ১৬৯৯ নম্বর দাগের প্রায় ০.০৪ একর জমির উপর রায়গ্রামের ঘোষ জমিদারদের **জোড়বাংলা মন্দির** অবস্থিত। গ্রাম-রামগ্রাম উপজেলা-লোহাগড়া জেলা-নড়াইল | ৫০ নম্বর রায়গ্রাম | আরএস ৪৬৫ এবং এসএ ১১০৮ ও ১১০৯ | আরএস ১৬৯৯ এসএ ৮৭৭ | ০.২৪ একরের মধ্যে ০.০৪ একর জমির উপর অবস্থিত | পূর্ব, পশ্চিম, উত্তর ও দক্ষিণ (চারপাশে) বাঁশবাগান | মোঃ ফারুক সরদার, পিতা-মৃত মোঃ জালাল উদ্দিন সরদার গ্রাম-রায়গ্রাম লোহাগড়া, নড়াইল। | রেকর্ডীয় মালিক ও ভোগ দখলকারীদের ক্ষতিপূরণ প্রদান করলে হস্তান্তরে সম্মত আছে মর্মে জানা যায়। | |

নং **৪৩.০০.০০০০.১১৪.০১৬.১৫১.২২.৬০**—১৯৬৮ সালের (সংশোধিত-১৯৭৬) প্রত্নসম্পদ আইনের ১০ ধারা (১) উপধারা প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ সংরক্ষিত বলিয়া ঘোষণা করা হলো :

| ক্রমিক | প্রত্নসম্পদের নাম, অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানার পূর্ণ বিবরণ | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কি না | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজার নাম | খতিয়ান নং (আর এস) | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১। | **রাণী রাশমণি এস্টেটের কাচারি বাড়ি** গ্রাম-নড়াগাতী উপজেলা-কালিয়া জেলা-নড়াইল | ৯৬ নম্বর নড়াগাতী | ০১ | এসএ ৫৮০ | ৪.৪৯ একর | উত্তরে নড়াগাতী বাজার ও জাহান চৌধুরীর বাড়ি, দক্ষিণে সাজ্জাত শেখের বাড়ি, পশ্চিমে জাহিদুল ইসলাম, নার্গিস বেগম এবং সওকত চৌধুরীর বাড়ি, পূর্বদিকে পাকা রাস্তা। | বাংলাদেশ সরকার পক্ষে জেলা প্রশাসক, নড়াইল | ০১ নম্বর খতিয়ানের জমি বন্দোবস্ত ব্যতীত মালিকানা হস্তান্তরের সুযোগ নেই। | এ প্রত্নসম্পদ সংস্কার ও সংরক্ষণ করা যেতে পারে। |

নং **৪৩.০০.০০০০.১১৪.০১৬.১৩৬.২২.৬১**—১৯৬৮ সালের (সংশোধিত-১৯৭৬) প্রত্নসম্পদ আইনের ১০ ধারা (১) উপধারা প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ সংরক্ষিত বলিয়া ঘোষণা করা হলো :

| ক্রমিক | প্রত্নসম্পদের নাম, অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানার পূর্ণ বিবরণ | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কি না | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজার নাম | খতিয়ান নং (আর এস) | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১। | **সরকারি আদর্শ মহাবিদ্যালয়, লোহাগড়া প্রাঙ্গণে জোড়বাংলা মন্দির।** গ্রাম-লোহাগড়া কলেজ পাড়া, উপজেলা-লোহাগড়া জেলা-নড়াইল। | ৮৯ নম্বর লোহাগড়া | এসএ ৬৭৭ | এসএ ২৫৫ | ০.০১ একর (জমিতে অবস্থিত) | সরকারি আদর্শ মহাবিদ্যালয় লোহাগড়া এর চত্বরের মধ্যে অবস্থিত। উক্ত মন্দিরের দক্ষিণ পার্শ্বে মহাবিদ্যালয় এর অডিটরিয়াম ঘর, উত্তর পার্শ্বে মহাবিদ্যালয়ের মধ্য দিয়ে চলাচলের রাস্তা, পশ্চিম পার্শ্বে মহাবিদ্যালয়ের ফাঁকা জায়গা, পূর্ব পার্শ্বেও মহাবিদ্যালয়ের ফাঁকা জায়গা। | শরৎ কুমার অরমাইমর, পিংঃ বিরেন্দ্র কুমার, প্রথম ভূষন, পিং-পুর্নচরন সরকার, বিমল বালা, জংঃ তারাপদ, পঞ্চানন জটাধর, ভোলা নাথ, পিংঃ প্যারি মোহন, ওমডি মদন মোল্যা, দুর্গা দাস, কালি দাস বাবু মোহন, পিংঃ বাম নারায়ন, জগবন্ধু পিংঃ তারিনী সরকার, অমূল্য সরকার পিংঃ আনাদি কুমার, সাং‍ঃ নোয়াপাড়া, লোহাগড়া, নড়াইল। (খতিয়ান-ঝরা ইউনিয়ন ভূমি অফিসের ০২ নং রেজিস্টার অনুসারে)। | সরকারি আদর্শ মহাবিদ্যালয় লোহাগড়া এর তত্ত্বাবধায়ন ও দখলে আছে, হস্তান্তরে আপত্তি নেই। | |

নং **৪৩.০০.০০০০.১১৪.০১৬.১৩৮.২২.৬২**—১৯৬৮ সালের (সংশোধিত-১৯৭৬) প্রত্নসম্পদ আইনের ১০ ধারা (১) উপধারা প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ সংরক্ষিত বলিয়া ঘোষণা করা হলো।

| ক্রমিক | প্রত্নসম্পদের নাম, অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানার পূর্ণ বিবরণ | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কি না | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজার নাম | খতিয়ান নং (আর এস) | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১। | **নড়াইল সরকারি ভিক্টোরিয়া কলেজের প্রাচীন ভবনসমূহ।** গ্রাম-রতনগঞ্জ উপজেলা-নড়াইল সদর, জেলা-নড়াইল। | ৬৯ নম্বর কুড়িগ্রাম | ৩৮০ | এসএ ২৬৭ | ১.৬৭ একর | পশ্চিমে কুড়িডোপ মাঠ, পূর্বে রূপগঞ্জ- গোবরা সড়ক, উত্তরে সরকারি রাস্তা এবং দক্ষিণে ভিসি স্কুল। | নড়াইল সরকারি ভিক্টোরিয়া কলেজ | উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনা করে পরবর্তীতে জানাবেন মর্মে কলেজ কর্তৃপক্ষ জানিয়েছেন। | |

তারিখ : ২৫ মাঘ, ১৪২৮/০৮ ফেব্রুয়ারি ২০২২

নং **৪৩.০০.০০০০.১১৪.০১৬.১৩৮.২২.৮১**—১৯৬৮ সালের (সংশোধিত-১৯৭৬) প্রত্নসম্পদ আইনের ১০ ধারা (১) উপধারা প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ সংরক্ষিত বলিয়া ঘোষণা করা হলো।

| ক্রমিক | প্রত্নসম্পদের নাম, অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানার পূর্ণ বিবরণ | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কি না | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজার নাম | খতিয়ান নং (আর এস) | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১। | **উদয় শংকর ও রবি শংকরের পৈতৃক বাড়ি** গ্রাম-বড়কালিয়া, উপজেলা-কালিয়া, জেলা-নড়াইল। | বড়কালিয়া | ১৯৭২ | ২২৬৮ | ০.৮২ একর | পশ্চিমে রাস্তা, পূর্বে চঞ্চল চৌধুরীর বাড়ি, দক্ষিণে রাস্তা এবং উত্তরে জেলা পরিষদ মার্কেট। | নলিণী বালা দেবী, স্বামী-বিজয় শংকর চৌধুরী, নরেন্দ্র শংকর চৌধুরী, সৈলেন্দ্র চন্দ্র হর চৌধুরী, বিনয় শংকর হর চৌধুরী মনিন্দ্র শংকর হর চৌধুরী, পিতা-গিরিজা শংকর হর চৌধুরী, সাং-নিজ। | -- | তফসিল বর্ণিত বাড়িটি সংরক্ষণ করা যেতে পারে। |

নং **৪৩.০০.০০০০.১১৪.০১৬.১৫১.২২.৮৩**—১৯৬৮ সালের (সংশোধিত-১৯৭৬) প্রত্নসম্পদ আইনের ১০ ধারা (১) উপধারা প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ সংরক্ষিত বলিয়া ঘোষণা করা হলো।

| ক্রমিক | প্রত্নসম্পদের নাম, অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানার পূর্ণ বিবরণ | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কি না | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজার নাম | খতিয়ান নং (আর এস) | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১। | **রাণী রাশমণি কাচারি, দোলমঞ্চ ও দিঘি** গ্রাম-রাধানগর, উপজেলা-লোহাগড়া জেলা-নড়াইল। | এসএ ১২৮ নম্বর রাধানগর এবং আরএস ১৩৭ নম্বর রাধানগর | এসএ খতিয়ান নং-১২৮ এবং আরএস খতিয়ান নং-০১, ০৭, ০৮, ২৬, ৪৭ ও ৪৯ | এসএ ৪১, ৪২, ৬২, ১১১, ১১২, ৬২/১৪৯, আরএস ৬৪, ৬৫, ৬৬, ৬৭, ৬৮, ৬৯ | ০.৭৫, ১.০৭, ১.১০, ০.৯৯, ০.৭৭, ৩.৮৯ আরএস ০.২২, ১.০৭, ১.১০, .৮৮, .৯৯, ০.০৭ | উত্তর ও পূর্বে বিভিন্ন ব্যক্তি মালিকানাধীন বসতবাড়ি, দক্ষিণ পাশে সরকারি রাস্তা এবং পশ্চিম পাশে ১২৯ নম্বর ইতনা মৌজা। | এসএ ১০৫ নম্বর খতিয়ানের মালিক আবুল কালাম সমাদ্দার, ১০৮ নম্বর খতিয়ানের মালিক আবুল খায়ের সমাদ্দার, গ্রাম: চদৌলতপুর, উপজেলা-লোহাগড়া জেলা-নড়াইল। আরএস ০১ নম্বর খতিয়ানের মালিক বাংলাদেশ সরকার পক্ষে জেলা প্রশাসক নড়াইল ৭ নম্বর খতিয়ানের মালিক আবুল কালাম সমাদ্দার, ৮ নম্বর খতিয়ানের মালিক আবুল খায়ের শেখ দিং, ২৬ নম্বর খতিয়ানের মালিক, তানিয়া খাতুন, ৪৭ নম্বর খতিয়ানের মালিক, মফিজুর রহমান এবং ৪৯ নম্বর খতিয়ানের মালিক মোস্তাক আহমেদ দিং। | প্রত্নতত্ত্ব অধিদপ্তর এর নিকট মালিকানা হস্তান্তরে সম্মত নয়। | আরএস রেকর্ডে ৬৪ নম্বর দাগের ০.২২ একর এবং ৬৭ নং দাগের ০.৫৫ একর মোট ০.৭৭ একর জমি সরকার পক্ষে জেলা প্রশাসক, নড়াইল এর নামের রেকর্ডভুক্ত আছে। |

নং **৪৩.০০.০০০০.১১৪.০১৬.১৩৬.২২.৮৪**—১৯৬৮ সালের (সংশোধিত-১৯৭৬) প্রত্নসম্পদ আইনের ১০ ধারা (১) উপধারা প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ সংরক্ষিত বলিয়া ঘোষণা করা হলো।

| ক্রমিক | প্রত্নসম্পদের নাম, অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানার পূর্ণ বিবরণ | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজার নাম | খতিয়ান নং (আর এস) | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১। | **পোদ্দার জমিদার বাড়ি** গ্রাম-লোহাগড়া উপজেলা-লোহাগড়া জেলা-নড়াইল। | ৮৯ নম্বর লোহাগড়া | ১৫৩ | ৭৭ | ১.০২ একর | পূর্ব পাশে রাস্তা, উত্তর পাশে যুগোল রায়, দক্ষিণ পাশে মনু ফকির ও মিন্টু জমাদ্দার, পশ্চিম পাশে পুকুর। | পঞ্চানন পোদ্দার দিং খতিয়ানের কপি সংযুক্ত (২ নম্বর রেজিস্টার অনুযায়ী) | ক তপসিলভুক্ত অর্পিত সম্পত্তি। এ সম্পত্তি সরকারের দখল ও নিয়ন্ত্রণে রয়েছে। মালিকানা হস্তান্তরে রাধা নেই মর্মে মতামত প্রদান করা হয়েছে। | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শরীফ নজরুল ইসলাম**
উপসচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**নার্সিং সেবা-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ১৩ জানুয়ারি ২০২২ খ্রিঃ

**নং ৪৫.০০.০০০০.১৭৩.০২৭.০০১.২০২১-০৭**—যেহেতু, জনাব নাজমা পারভীন, নার্সিং ইনস্ট্রাকটর, ঢাকা নার্সিং কলেজ, ঢাকা সাবেক উপপরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে এই মর্মে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, তিনি ১৯৭২ সালের বাণী সম্বলিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবিটি হেয় প্রতিপন্ন করার উদ্দেশ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অতি উৎসাহী ও স্বপ্রণোদিত হয়ে এ সংক্রান্ত সংবাদ গত ০৫-১২-২০১৯ তারিখ 'দৈনিক ইত্তেফাক' পত্রিকায় প্রকাশে ইন্ধন দেন। পত্রিকায় প্রকাশিত সংবাদ বিষয়ে ০২ (দুই) জন নার্সিং কর্মকর্তাকে সংগে নিয়ে পত্রিকা অফিসে গিয়ে মৌখিকভাবে প্রতিবাদ করেন। এ ধরনের কার্যকলাপের মাধ্যমে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর তথা স্বাস্থ্য সেবা বিভাগের ভাবমূর্তি ক্ষুণ্ন করা হয়েছে মর্মে তাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) অনুযায়ী অসদাচরণের অভিযোগে অভিযুক্ত করে উক্ত বিধিমালার ৪(৩) (ঘ) বিধি অনুযায়ী তাকে কেন চাকরি থেকে বরখাস্ত করা হবে না তা জানানো জন্য নোটিশ দেয়া হয় এবং তিনি ব্যক্তিগত শুনানি চান কি-না তাও জানতে চেয়ে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-৪/২০২১ রুজু করা হয়।

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১২-১০-২০২১ তারিখে বিকেল ৩.০০ টায় নিম্নস্বাক্ষরকারীর নিকট তার বক্তব্য পেশ করেন এবং এ অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে লিখিতভাবে ক্ষমা প্রার্থনা করেন।

যেহেতু, নথি, অভিযোগনামা, অভিযোগ বিবরণী সংশ্লিষ্ট কাগজপত্র এবং সরকার পক্ষের ও ব্যক্তিগত শুনানিতে অভিযুক্ত কর্মকর্তার উপস্থাপিত বক্তব্য পর্যালোচনা করা হয়। পর্যালোচনা দেখা যায় যে, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ অস্বীকার করেছেন। তৎপ্রেক্ষিতে, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৭(২) (ঘ) বিধি অনুসারে জনাব মোহাম্মদ রোকন উদ্দিন, উপসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-২ অধিশাখা) কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়।

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা নিম্নোক্তভাবে বিচার্য বিষয় নির্ধারণ করে তদন্ত কার্যক্রম সম্পন্ন করেন।

(১) জনাব নাজমা পারভীন, ২৯-১১-২০১৯ তারিখে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের উপপরিচালক (শিক্ষা) এর অফিস কক্ষে প্রবেশ করেন এবং জনাব কামাল হোসেন পাটোয়ারী, স্টাফ নার্স, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা এর সাথে শলাপরামর্শ করেছেন ১৯৭২ সালের বাণী সম্বলিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি নিয়ে এবং যা ০৫-১১-২০১৯খ্রিঃ তারিখে 'দৈনিক ইত্তেফাক' পত্রিকায় প্রকাশে ইন্ধন যোগিয়েছেন কি না;

(২) উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অতি উৎসাহীত ও স্বপ্রণোদিতভাবে 'দৈনিক ইত্তেফাক' পত্রিকায় প্রকাশিত সংবাদের বিষয়ে ০২ (দুই) জন নার্সিং কর্মকর্তাকে সঙ্গে নিয়ে পত্রিকা অফিসে গিয়ে মৌখিক প্রতিবাদ করেছেন কি না;

(৩) আনীত অভিযোগসমূহের সত্যতা সাক্ষ্য প্রমাণাদি দ্বারা প্রমাণিত হয়েছে কি না;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদন নিম্নোক্ত মতামত প্রদান করেন :

(০১) জনাব নাজমা পারভীন, ২৯-১১-২০১৯ তারিখে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের উপপরিচালক (শিক্ষা) এর অফিস কক্ষে প্রবেশ করেন এবং জনাব মোহাম্মদ কামাল হোসেন পাটোয়ারী, স্টাফ নার্স, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা এর সাথে শলাপরামর্শ করে ১৯৭২ সালের বাণী সম্বলিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি নিয়ে এবং যা ০৫-১২-২০১৯খ্রিঃ তারিখে দৈনিক ইত্তেফাক পত্রিকায় প্রকাশের ইন্ধন যোগিয়েছেন অভিযোগের সত্যতা সাক্ষ্য প্রমাণাদি দ্বারা প্রতিষ্ঠিত হয়নি।

(০২) ঊর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অতি উৎসাহিত ও স্বপ্রণোদিতভাবে 'দৈনিক ইত্তেফাক' পত্রিকায় প্রকাশিত সংবাদের বিষয়ে ০২ (দুই) জন নার্সিং কর্মকর্তাকে সঙ্গে নিয়ে পত্রিকা অফিসে গিয়ে মৌখিক প্রতিবাদ করে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবজ্ঞা করেছেন অভিযোগটির সত্যতা সাক্ষ্য-প্রমাণাদি দ্বারা প্রতিষ্ঠিত হয়নি।

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদনে অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হয়নি;

যেহেতু, নথি, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, অভিযুক্তের বক্তব্য, ব্যক্তিগত শুনানির জবাব এবং তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে অভিযুক্ত জনাব নাজমা পারভীন, নার্সিং ইনস্ট্রাকটর, ঢাকা নার্সিং কলেজ, ঢাকা উপপরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সাক্ষ্য প্রমাণাদি দ্বারা সমর্থিত না হওয়ায় তা প্রমাণিত হয়নি। ফলে তার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ হতে তাকে অব্যাহতি প্রদান করাই ন্যায় বিচার হবে বলে প্রতীয়মান হয়।

যেহেতু, জনাব নাজমা পারভীন, নার্সিং ইনস্ট্রাকটর, ঢাকা নার্সিং কলেজ, ঢাকা সাবেক উপপরিচালক (প্রশাসন), এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী রুজুকৃত ০৪/২০২১ নং বিভাগীয় মামলার অভিযোগনামায় বর্ণিত অসদাচরণের অভিযোগ থেকে তাকে অব্যাহতি দেয়া হল এবং বিভাগীয় মামলাটি নিস্পত্তি করা হল। নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরসহ সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে বিষয়টি অবগত করা হোক।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**লোকমান হোসেন মিয়া**
সিনিয়র সচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**

**স্বাস্থ্য সেবা বিভাগ**

**শৃঙ্খলা অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩১ জানুয়ারি ২০২২ খ্রিঃ

**নং ৪৫.০০.০০০০.১২২.০২৭.১২১.২১-৪৪**—ডাঃ সুচিতা রাণী ঘোষ (১২৪৫৯৮), মেডিকেল অফিসার, আদর্শ পরিবার পরিকল্পনা ক্লিনিক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকাকে অফিসে সঠিক সময়ে উপস্থিত না হওয়া, নির্ধারিত সময়ের পূর্বেই কর্মস্থল ত্যাগ করা, কর্তব্যকাজে অনীহা এবং ঊর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ মানতে অস্বীকৃতি জ্ঞাপনসহ বিভিন্ন অভিযোগে গত ৩১-০৩-২০২১ খ্রিঃ তারিখে কারণ দর্শনো নোটিশ প্রদান করা হয়।

তিনি উক্ত নোটিশের লিখিত জবাবে অসৌজন্যমূলক ও উদ্ধত্যপূর্ণ বক্তব্য প্রদান করেন।

উপরন্ত তিনি কারণ দর্শানো নোটিশ প্রদানের কারণে অসন্তুষ্ট হয়ে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অপদস্ত করার লক্ষ্যে তার স্বামী ডাঃ সঞ্জয় কুমার ঘোষ (১২১৬৬৩), জুনিয়র কনসালটেন্ট (অর্থোপেডিক সার্জারি), জাতীয় অর্থোপেডিক ও পুনর্বাসন প্রতিষ্ঠান, শেরে বাংলা নগর, ঢাকা-কে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ডেকে আনেন।

ডাঃ সঞ্জয় কুমার ঘোষ গত ০৩-০৪-২০২১ খ্রিঃ তারিখে পূর্বাহ্নে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে গিয়ে আদর্শ পরিবার পরিকল্পনা ক্লিনিকের দায়িত্বরত সিনিয়র কনসালটেন্ট ডাঃ বনলতা সিনহাকে চিৎকার করে অশালীন ভাষায় গালিগালাজ, হাত ধরে শ্লীলতাহানির চেষ্টা, শারীরিকভাবে লাঞ্চিত ও সামাজিকভাবে অপদস্ত করেন এবং ডাঃ বনলতা সিনহার চিকিৎসক কন্যা (বিএসএমএমইউতে কর্মরত) কে উদ্দেশ্য করে অশ্রাব্য ভাষায় গালিগালাজ করেন।

ডাঃ সুচিতা রাণী ঘোষের বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের চার সদস্যবিশিষ্ট কমিটির তদন্তে সত্যতা পাওয়া গেছে।

ডাঃ সুচিতার দাপ্তরিক আচরণের রেকর্ড, কারণ দর্শানো নোটিশ ও এর জবাব এবং তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনসহ সংশ্লিষ্ট বিষয়াদির সার্বিক পর্যালোচনায় তিনি একজন অভ্যাসগত অপরাধী মর্মে প্রতয়িমান হয়।

ইতোমধ্যে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তার বিরুদ্ধে বিভাগীয় মামলা করা হয়েছে।

এমতাবস্থায়, অপরাধের মাত্রা ও প্রকৃতি বিবেচনায় ন্যায়বিচারের স্বার্থে ডাঃ সুচিতা রাণী ঘোষকে সরকারি চাকরি আইন, ২০১৮ এর বিধি ৩৯(১) মোতাবেক এ আদেশ জারির তারিখ থেকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

প্রচলিত বিধি মোতাবেক তিনি সাময়িক বরখাস্তকালীন সময়ে খোরপোশ ভাতাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**লোকমান হোসেন মিয়া**
সিনিয়র সচিব।

**প্রকল্প বাস্তবায়ন-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৩ মাঘ ১৪২৮/০৬ ফেব্রুয়ারি ২০২২

**নং ৪৫.০০.০০০০.১৭৩.০০২.০৫৮.১৮-৬৮**—কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৮-র ধারা ৯(১) এর বিধান মোতাবেক নিম্নবর্ণিত ১৫ (পনের) সদস্য সমন্বয়ে পূর্ণাঙ্গ ট্রাস্টি বোর্ড গঠন করা হলো :

| | |
|---|---|
| | সভাপতি |
| (ক) | প্রফেসর ডাঃ সৈয়দ মোদাচ্ছের আলী |
| | সহ-সভাপতি |
| (খ) | ডাঃ মাখদুমা নার্গিস |
| | সদস্যবৃন্দ |
| (গ) | সচিব, স্বাস্থ্যসেবা বিভাগ বা তৎকর্তৃক মনোনীত উক্ত বিভাগের ১ (এক) জন অতিরিক্ত সচিব |
| (ঘ) | সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ বা তৎকর্তৃক মনোনীত উক্ত বিভাগের ১ (এক) জন অতিরিক্ত সচিব |
| (ঙ) | সচিব, অর্থ বিভাগ বা তৎকর্তৃক মনোনীত উক্ত বিভাগের ১ (এক) জন অতিরিক্ত সচিব |
| (চ) | সচিব, পরিকল্পনা বিভাগ বা তৎকর্তৃক মনোনীত উক্ত বিভাগের ১ (এক) জন অতিরিক্ত সচিব |
| (ছ) | মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর |
| (জ) | মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর |
| (ঝ) | ব্যবস্থাপনা পরিচালক, এসেনসিয়াল ড্রাগস কোম্পানী লিমিটেড |
| (ঞ) | সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ |
| (ট) | সভাপতি, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি |
| (ঠ) | ড. আহমদ আল কবির |
| (ড) | প্রফেসর ডা. আশরাফুন্নেসা |
| (ঢ) | প্রফেসর ডা. এম. এ আজিজ |
| | সদস্য-সচিব |
| (ণ) | ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক |

(০২) উক্ত ট্রাস্টি বোর্ডের মেয়াদ ০৩-১২-২০২৪ খ্রিঃ পর্যন্ত বহাল থাকিবে। তবে শর্ত থাকে যে, উক্ত মেয়াদ শেষ হইবার পূর্বে সরকার, যে কোনো মনোনীত সদস্যকে কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে তাহার দায়িত্ব হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে। সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে উক্তরূপ কোনো সদস্য স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।

(০৩) কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৮-র ধারা ১০ এর বিধান মোতাবেক ট্রাস্টি বোর্ডের দায়িত্ব ও কার্যাবলি পরিচালিত হইবে।

(০৪) জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস এম জাহাঙ্গীর হোসেন**
উপসচিব।